গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মান্দা, নওগাঁ।

স্মারক নং- ০৫.৪৩.৬৪৪৭.০০.০০০.১৫-৮০৫

তারিখঃ ০৬/১/১৪২২ বঙ্গাব্দ
১৯/৪/২০১৫ খ্রিঃ

# সভার আমন্ত্রণ পত্র

উপজেলা পরিষদ চেয়ারম্যান, মান্দা নওগাঁ মহোদয়ের সভাপতিত্বে উপজেলা পরিষদের এপ্রিল/২০১৫ মাসের মাসিক সাধারন সভা আগামী ২৩/০৪/২০১৫ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ টায় উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকল সদস্যকে অনুরোধ জানানো হলো।

আলোচ্য সূচি ঃ

১। গত সভার সিদ্ধান্ত পঠণ ও দৃঢ় করণ।

২। এডিপি ও উন্নয়ন তহবিল সংশ্লিষ্ট প্রকল্প বিষয়ক আলোচনা ও অনুমোদন।

৩। বিভাগীয় আলোচনা

৪। বিবিধ

১৯/০৪/১৫

মোঃ আব্দুর রহিম
উপজেলা নির্বাহী অফিসার
মান্দা, নওগাঁ।
ফোন-০৭৪২৫-৬২০০১

প্রাপক ঃ

. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। জনাব মুহাঃ ইমাজ উদ্দিন প্রামানিক, এমপি ও মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রনালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

২। জেলা প্রশাসক, নওগাঁ।

৩। উপজেলা পরিষদ চেয়ারম্যান, মান্দা, নওগাঁ।

## নওগাঁ উপজেলাধীন মান্দা উপজেলার ৪র্থ উপজেলা পরিষদের মার্চ/১৫ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আব্দুর রশিদ<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান, মান্দা, নওগাঁ। |
| সভার তারিখ | ঃ | ১৯/০৩/২০১৫ খ্রিঃ |
| সময় | ঃ | বেলা ১১.০০ টায় |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ |

সভাপতি উপস্থিত সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার আলোচনা শুরু করেন। অতঃপর কর্মসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

০১। গত সভার সিদ্ধান্ত পঠন ও দৃঢ়করণঃ

সভায় গত ২২/০২/১৫ খ্রিঃ তারিখের কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সিদ্ধান্ত সমূহ সর্ব সম্মতভাবে দৃঢ়করণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনাঃ

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার বলেন, বোরো মৌসুমে ধান চাষের লক্ষ্যমাত্রা ২২৩৬৫ হেঃ হলেও অগ্রগতি সাধিত হয়েছে ২২৫০০ হেঃ। বর্তমানে ধানের পরিস্থিতি খুব ভাল অবস্থানে রয়েছে। বরেন্দ্র কর্তৃপক্ষ ধানের জমিতে সেচ প্রদানের ক্ষেত্রেও যথেষ্ট তৎপর রয়েছে। এছাড়া গমের আবাদ খুবই ভাল পর্যায়ে আছে। আউশ এবং গমের উৎপাদন সর্বোত্র বাড়াতে পারলে ভূগর্ভস্থ পানির ব্যবহার কমানো যায়। এছাড়া ভূগর্ভস্থ পানির চাপ কমানোর জন্য আউশ ধান এবং গমের আবাদ বাড়ানোর জন্য কৃষি বিভাগের পক্ষ থেকে কৃষকদের মধ্যে ব্যাপক প্রচারণা চালানো হচ্ছে।<br>এ অর্থ বছরে কৃষি বিভাগের জন্য স্প্রে মেশিন ক্রয় প্রকল্পটি বৃহত্তর জনস্বার্থে শিঘ্রই বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। | ১। বোরো উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তৎপরতা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | ১। উপজেলাকৃষি অফিসার<br>২। সহকারী প্রকৌশলী বিএমডিএ। |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ নিয়ে কোন আলোচনা করা গেল না। | মৎস্য বিভাগের উন্নয়নে বিভাগীয় করণীয় সকল বিষয়ে তৎপর থাকতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মান্দা,নওগাঁ। |
| বরেন্দ্র বহুমুখি উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী বিএমডিএ বলেন, চলতি বোরো মৌসুমে ১১৫০০ হেঃ জমিতে বোরো চাষ করা হয়েছে। আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই এই উপজেলায় বৃক্ষরোপণ কার্যক্রম শুরু করা হবে। ইউনিয়ন পর্যায়ে বৃক্ষ রোপণের জন্য তিনি রাস্তার তালিকা দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। তিনি বলেন সাবাই ব্রীজ সংলগ্ন নারায়নপুর খালের খনন কার্যক্রম চলছে। শীব খালের বৈলশিং নামক স্থানে বৃষ্টির পানি সংরক্ষণের জন্য সাবমার্জড ওয়্যার নির্মাণ কাজ চলছে বলে তিনি জানান। | ধানের জমিতে সেচ কার্যক্রম সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে বিভাগীয় সকল কাজ যথাযথভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী বিএমডিএ |
| স্বাস্থ্য বিভাগ | নব যোগদানকৃত উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার উপস্থিত সকলের সঙ্গে পরিচিত হয়ে বলেন, স্বাস্থ্য বিভাগীয় কাজকর্ম ভালভাবে চলছে। আগামীতে বিকাল ৪.০০টা থেকে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত আউটডোর চিকিৎসার একটি প্রক্রিয়া চলছে এটি কার্যকর হলে জনগণের চিকিৎসার সুযোগ বাড়বে। এছাড়া গ্রামীণ পর্যায়ে কমিউনিটি ক্লিনিকের চিকিৎসার কার্যক্রমও ভালভাবে চলছে মর্মে তিনি জানান। | প্রাপ্ত সুবিধাদির সর্বোচ্চ সৎব্যবহার করে চিকিৎসা কার্যক্রম সহজলভ্য করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার বলেন, আলোচ্য মাসে তার দপ্তরের আওতায় ১১৬০ মাত্রা গবাদি পশুর টিকা ও ১৫৭০০ টি হাঁস- মুরগির টিকা প্রদান করা হয়েছে। এছাড়া ১৪৯০ টি গবাদি পশু ৩৬২১ টি হাঁস- মুরগির চিকিৎসা এবং ১২৩৭ টি গাভী কৃত্রিম প্রজনন করানো হয়েছে। তিনি কুশুম্বা, মান্দা, তেতুঁলিয়া ও কালিকাপুর ইউনিয়ন পরিষদ অফিসে কৃত্রিম প্রজনন স্থানে একটি করে ট্যাভিস নির্মাণের অনুরোধ জানান। এছাড়া ঘাস চাষ,টিপস্ প্রদান কর্মসূচি স্বাভাবিক নিয়মে চলছে বলে তিনি জানান।<br><br>এ অর্থ বছরে তাঁর অফিসের অনুকুলে ১,০০,০০০/- টাকা বরাদ্দকৃত অর্থের উন্নয়ন কার্যক্রম শীঘ্রই সম্পন্ন করার অনুরোধ জানান। | প্রাপ্ত সুবিধা সর্বোচ্চ ব্যবহার করে প্রাণি সম্পদ বিভাগের সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারের পক্ষে সভায় উপস্থিত সহকারী পরিবার পরিকল্পনা অফিসার বলেন, পরিবার পরিকল্পনা কার্যক্রম সুন্দরভাবে চলছে। প্রতি সপ্তাহে বুধবার ও বৃহস্পতিবার ছাড়াও ৯/০২/১৫ খ্রিঃ তারিখে তেতুঁলিয়া পরিবার কল্যাণ কেন্দ্রে ২৫/০২/১৫ খ্রিঃ তারিখে কাঁশোপাড়ায় বিশেষ অপারেশন ক্যাম্প অনুষ্ঠিত হবে। ফলে স্থানীয় লোকজন বিশেষ করে মা ও শিশুরা সেবা নিতে পারবেন। সর্বশেষ তথ্যানুযায়ী উপজেলার মোট ১৮৬৬ জন গর্ভবতীর মধ্যে ১৩৩২ জনকে সাধারণ সেবা, ১২৮ জনকে স্বাভাবিক ডেলিভারী ও ৫২৮ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। তিনি বলেন উপজেলা মোট দম্পতির সংখ্যা ৯১৭০৯,বিভিন্ন প্রদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৭৪৩০৯ এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর শতকরা হার ৮১%। | প্রাপ্ত সকল সুবিধাদি যথাযথ ব্যবহার নিশ্চিত করে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে প্রয়োজনীয় পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় বলেন, তার অফিসের কার্যক্রম ভালভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই বলে জানান। | উপজেলার যুবক ও যুব মহিলাদের আর্থসামাজিক উন্নয়নের স্বার্থে সময়োপযোগী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশল জনস্বাস্থ্য সভায় বলেন, তার বিভাগে এখন পর্যন্ত এই অর্থ বছরের জন্য কোন অর্থ বা নলকুপ বরাদ্দ মঞ্জুরী পাওয়া যায়নি। তবে বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলেছে। | বরাদ্দ মঞ্জুরী পাওয়ার সাথে সাথে যাতে উন্নয়ন কার্যক্রম শুরু করা যায় সে জন্য দাপ্তরিক সকল প্রস্তুতি এগিয়ে রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশল জনস্বাস্থ্য |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় বলেন, প্রাথমিক বিদ্যালয়ে শতভাগ ভর্তি, স্টুডেন্ট কাউন্সিল এবং সকল স্কুলে স্কাউটস দল গঠন কার্যক্রম চলছে। এছাড়া মানসম্মত শিক্ষা কার্যক্রমের আওতায় বাস্তবায়নে চালানো হচ্ছে। | স্কুলে শতভাগ ভর্তি, ঝড়েপড়া নিয়ন্ত্রণ সহ সকল স্কুলেই স্টুডেন্ট কাউন্সিল ও স্কাউটস দল গঠন এবং মান সম্পর্ন শিক্ষা বিস্তারে বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন, আগামী ১ এপ্রিল/২০১৫ তারিখ থেকে এইচ এস এসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে। এ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় দাপ্তরিক কার্যক্রম প্রায় সম্পূর্ণ হয়েছে। নকলমুক্ত পরিবেশে যথাযথভাবে এ পরীক্ষা সম্পন্ন করার জন্য শিক্ষা বোর্ড এবং প্রশাসন সকল প্রস্তুতি গ্রহণ করেছেন। | নকলমুক্ত পরিবেশে এইচ এসসি ও সমমানের পরীক্ষা গ্রহণে তার বিভাগীয় দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ত্রান ও দূর্যোগ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার বলেন, তার বিভাগের কাজকর্ম ভালভাবে চলছে। একই সাথে তিনটি ব্রীজ নির্মাণ কার্যক্রমও ভালভাবে চলছে। টিআর,কাবিখার বিষয়ে তিনি বলেন টিআর সাধারণ খাতে মোট বরাদ্দ ১৩৪.৬৩ মেঃটন। প্রকল্প সংখ্যা ৬৭টি, কাজের অগ্রগতি ৭৬%। নির্বাচনী এলাকা ভিত্তিক টিআর ১৫০ মেঃ টন, প্রকল্প সংখ্যা ১২৮টি, কাজের অগ্রগতি ৯৬%। বিভাগীয় কমিশনারের অনুকূলে বরাদ্দকৃত খাদ্য শষ্য ৩.০০০ মেঃ টন, গ্রহিত প্রকল্প সংখ্যা ১, কাজের অগ্রগতি ১০০%। জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দকৃত খাদ্য শষ্য ৪.০০ মেঃ টন, প্রকল্প সংখ্যা ২, কাজের অগ্রগতি ১০০%। সাধারণ কাবিখা খাতে বরাদ্দ ১৬৯.১৯০ মেঃ টন, প্রকল্প সংখ্যা ১৮, কাজের অগ্রগতি ৫৩%। নির্বাচনী এলাকা ভিত্তিক কাবিখা ৩০০ মেঃ টন, প্রকল্প সংখ্যা ৩৩, কাজের অগ্রগতি ৫৩% বলে তিনি জানান। সেতু/কালভার্ট নির্মাণ প্রসংগে তিনি বলেন, নহলাকালুপাড়া মাদ্রাসার পূর্ব পার্শ্বে ৪০ ফুট ব্রীজ নির্মাণ বাবদ ২৮,৬৭,১৭৫/৫০ (২) পিড়াকৈর আহাদের দোকান হতে শংকর বাজার পর্যন্ত রাস্তায় জোরগাছি তলায় খালের উপর ৪০ ফুট ব্রীজ নির্মাণ বাবদ ২৮,৬৭,১৭৫/৫০ টাকা এবং (৩) দক্ষিণ মৈনম রমজান খার বাড়ির নিকট ৩৩ ফুট ব্রীজ নির্মাণ খাতে ২২,৯৯,৩৩৭/৫৬ টাকা বরাদ্ধ পাওয়া গেছে। প্রকল্প ৩টি বর্তমান আগ্রগতি যথাক্রমে ২০%,৪০% এবং ৪০% বলে তিনি জানান। | সকল প্রকল্পের কাজ মান সম্পন্ন ভাবে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| বন বিভাগ | উপজেলা ফরেষ্টার বলেন,উপজেলার সামাজিক বনায়ন বাগান কেন্দ্রের কার্যক্রম ভালভাবে চললছে । আপাততঃ কোন সমস্যা নেই। | উপজেলায় সরকারী সকল বৃক্ষ যথাযথভাবে সংরক্ষনের জন্য সদা তৎপর থাকতে হবে। | উপজেলা ফরেষ্টার |
| পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় বলেন, এই বিভাগের কাজকর্ম ভালভাবে চলছে। ঋণ প্রদান কার্যক্রমের আওতায় ঋণ আদায় কার্যক্রম ভালভাবে এগিয়ে চলেছে। এর অপর দিকে একটি বাড়ী একটি খামার প্রকল্পের অফিস ভবন নির্মাণ কাজ যেভাবে আগাচ্ছে তাতে নির্ধারিত সময়ের পূর্বেই সম্পন্ন হবে বলে তিনি আশা প্রকাশ করেন। | কৃষক সমবায় সমিতি এবং মহিলা সমবায় সমিতির সকল সদস্যের আর্থ সামাজিক উন্নয়নের জন্য ঋণদান কর্মসূচী যথাযথভাবে পরিচালনা এবং একটি বাড়ি একটি খামার প্রকল্পের অফিস ভবন নির্মাণ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার বলেন, অফিসের নৈমিত্তিক কার্যক্রম ভালভাবে চলছে তবে মাতৃত্ব ভাতার ক্ষেত্রে কয়েকটি ইউনিয়নের তালিকা না পাওয়ায় এখনও সুবিধাভোগিদের ব্যাংক হিসাব খোলা শেষ হয়নি। দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠু ভাবে চলছে। | মাতৃত্ব ভাতা সংশ্লিষ্ট বিষয়ে যে সকল ইউনিয়ন থেকে এখনও তালিকা পাওয়া যায়নি তাদের শীঘ্র তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যান |
| সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসের প্রতিনিধি বলেন, এই উপজেলায় এখনও সমাজসেবা অফিসারের পদ শুন্য রয়েছে। অপর দিকে ৭ জন মাঠকর্মীর স্থলে ৪ জন কর্মরত রয়েছেন। বর্তমানে অফিসে প্রতিবন্ধিদের শিক্ষা উপবৃত্তি প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন এই উপজেলায় সমাজসেবা অফিসার পদে লোক নিয়োগ হয়েছে শীঘ্রই তিনি কাজে যোগদান করবেন বলে জানা গেছে। | সমাজসেবা অফিসের মাধ্যমে সরকারের সামাজিক নিরাপত্তা সংশ্লিষ্ট সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান,খাদ্য বিভাগের কাজকর্ম ভালভাবে চলছে আপাততঃ কোন সমস্যা নেই। এছাড়াও তিনি বলেন তার দপ্তরের কোন টয়লেট না থাকায় তার অফিসের কর্মকর্তা/ কর্মচারীদের মারাত্মক সমস্যার মধ্যে দিয়ে অফিস করতে হয়। উপজেলা পরিষদের অর্থায়নে তার কার্যালয়ে একটি টয়লেট নির্মাণের জন্য অনুরোধ জানান। | ১) খাদ্য সংগ্রহ কার্যক্রম এবং সংরক্ষণ কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে।<br>২) খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে টয়লেট নির্মানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় এবং উপজেলা প্রকৌশলীকে টয়লেট নির্মাণের জন্য একটি প্রাক্কলন প্রস্তুতের জন্য অনুরোধ জানানো হয়। | ১) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>২) উপজেলা প্রকৌশলী, মান্দা, নওগাঁ। |
| উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার বলেন,তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি উপজেলা পরিষদের সকলের সার্বিক সহযোগিতা পাচ্ছেন। তবে তার অফিসে কোন ইউরিন্যাল না থাকায় সমাবেশের দিনে বড় রকমের সমস্যা মোকাবিলা করতে হয়। তিনি সেখানে একটি ইউরিন্যালের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | উপজেলা পরিষদের নিরাপত্তা জোরদার করণ এবং আইন শৃংঙ্খলা রক্ষায় পুলিশ বিভাগকে সার্বিক সহযোগিতা করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার বলেন, তার বিভাগের কাজকর্ম ভালভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নেই। | সমবায় সমিতি সমূহের সকল কার্যক্রম সরকারি বিধি বিধান অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় অফিস |
| উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী অনুপস্থিতিতে নব যোগদানকৃত সহকারী প্রকৌশলী জনাব মোঃ মোরশেদুল হাসান সকলের সাথে পরিচিত হয়ে বলেন, এলজিডি আওতাভুক্ত রাস্তা ও ব্রীজ নির্মাণ কাজ ভাল ভাবে চলছে। দাপ্তরিক কাজে আরও অগ্রগতি আনায়নের জন্য জনপ্রতিনিধিসহ সকলের সহযোগিতা কামনা করেন। | এলজিইডি আওতাভুক্ত সকল কাজ যথাযথভাবে বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, মান্দা, নওগাঁ। |

| | | | |
|---|---|---|---|
| | ইউনিয়ন পরিষদ | | |
| ভারশো ইউপি | চেয়ারম্যান ভারশো ইউপি বলেন, বর্ষা মৌসুমে উন্নয়ন কাজ কর্ম বাধাগ্রস্থ হয় ফলে বর্ষা মৌসুমের আগেই হাট উন্নয়ন কাজগুলি সম্পন্ন করা প্রয়োজন। ধানের বর্তমান অবস্থা সম্পর্কে তিনি বলেন বরেন্দ্র ও কৃষি বিভাগের ব্যবস্থাপনা যথেষ্ট মানসম্পন্ন। বিধায় ধানের বর্তমান অবস্থা বেশ ভাল। কালিসফা আশ্রয়ণ প্রকল্পের রাস্তা সংস্কারের জন্য অনুরোধ জানিয়ে তিনি পরিকল্পনা গৃহিত সকল কাজ যথাসময়ে সম্পন্ন করার অনুরোধ জানান | ইউনিয়নের অতি জন গুরুত্বপূর্ণ কার্যকবলীর অগ্রাধিকার ভিত্তিতে তালিকা প্রস্তুত করে দাখিলের জন্য অনুরোধ জানানো হলো | চেয়ারম্যান ভারশো ইউপি |
| পরানপুর ইউপি | চেয়ারম্যান, পরানপুর ইউপি গোয়ালপাড়া মোড় হতে পাকা রাস্তাটি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে এডিপি প্রকল্পগুলি ও যথাসময়ে সম্পন্ন করার অনুরোধ জানান | ইউনিয়ন এলাকার বাস্তবায়নাধীন এবং বাস্তবায়নযোগ্য অতি জন গুরুত্বপূর্ণ প্রকল্পগুলির তালিকা প্রস্তুত করে প্রতিটি প্রকল্পের যথার্থ অবস্থা সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হলো। | চেয়ারম্যান, পরানপুর ইউপি |
| গনেশপুর ইউপি | চেয়ারম্যান, গনেশপুর ইউপি বলেন, সতিহাটে লাইসেন্স প্রদান করে ঘর করার অনুমতি প্রদানের কারণে হাটের জমিতে লোকজন পাকা ঘর করে স্থায়ী ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলার ফলে হাটের স্থান সংকুচিত হয়ে বেশ সমস্যার সৃষ্টি করছে। ফলে ভবিষ্যতে আর কোন লাইসেন্স প্রদান না করার জন্য তিনি অনুরোধ জানান | সরকারী হাট বাজারে ব্যবসা প্রতিষ্ঠানের জন্য লাইসেন্স প্রদান করার বিষয়টি উপজেলা পরিষদের এখতিয়ার বর্হিভূত। বিষয়টি জেলা প্রশাসক, নওগাঁ মহোদয়ের এখতিয়ারভূক্ত। বিধায় এ বিষয়ে জেলা প্রশাসক মহোদয়ের সংগে আলোচনা করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| তেতুলিয়া ইউপি | চেয়ারম্যান, তেতুলিয়া ইউপি বলেন, বিলহিলনার বিল শুষ্ক মৌসুমে শুকিয়ে যায় ফলে এই বিলের তলায় শুষ্ক মৌওমে খনন করে পানি ধারণের আধার তৈরী / খননের স্কীম প্রস্তুত করে পাঠালে এটি অনুমোদন হবে এবং এ কাজটি করলে হিলনা বিলে পানির ব্যবস্থা থাকবে। এছাড়া সাবাই হাটের চার পাশদিয়ে পুর্বে তৈরীকৃত এইচবিবি নষ্ট হয়ে যাওয়ায় আগামীতে হাট উন্নয়নের জন্য গৃহিত প্রকল্পে এই প্রকল্পগুলি অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প গ্রহণের অনুরোধ জানান। | ইউনিয়নে বাস্তবায়নাধীন সকল বিভাগের কাজ পরিদর্শন করে কাজের বাস্তব অবস্থা সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, তেতুলিয়া ইউপি |
| কাশোপাড়া ইউপি | চেয়ারম্যান,কাশোপাড়া ইউপি বলেন ইতিপুর্বে কাশোপাড়া ইউনিয়নের তুলশিরামপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কোন ভবন না থাকায় ছাত্র-ছাত্রীরা গাছের নীচে ক্লাস করছে। কাঁশোপাড়া উচ্চ বিদ্যালয়ে শিক্ষক ও ছাত্রী প্রেম ঘটিত ঘটনাকে কেন্দ্র করে এলাকায় সম্প্রতি নতুন করে মানব বন্ধন সৃষ্টি হয়েছে। তিনি বলেন শান্তিপূর্ণ নিস্পত্তির জন্য অবিলম্বে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার কে নির্ধারিত স্থান পরিদর্শন করে আইনি ব্যবস্থা করতে হবে। তিনি আরও বলেন জাফরাবাদ আদর্শ দাখিল মাদরাসা নামক শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে স্থানীয় কিছু লোক সুপারের নিকট হতে আর্থিক সুবিধা গ্রহনের আশায় এখন পর্যন্ত সুপারকে মাদরাসায় যেতে বাধা প্রদান করছে। এ ব্যপারে আইনী পদক্ষেপ নেয়ার জন্য জোর দাবি করেন। | সরজমিনে পরিদর্শণ করে এসে সৃষ্ট সমস্যাগুলো সমাধানের ব্যবস্থা গ্রহণ এবং ঐ প্রাথমিক বিদ্যালয় নির্মাণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র লিখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার |
| চেয়ারম্যান কুশুম্বা ইউপি | চেয়ারম্যান কুশুম্বা ইউপি তার ইউনিয়নে ধনতলা হতে কাটাগাড়ি পর্যন্ত একটি ক্যনেল ভরাট হয়ে যাওয়ায় বর্ষা মৌসুমে পানি নিষ্কাশনের স্বার্থে এটি বরেন্দ্র প্রকল্পের আওতায় খনন করার অনুরোধ জানান। | বিষয়টি গুরুত্ব সহকারে খনন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হলো। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, মান্দা, নওগাঁ। |
| চেয়ারম্যান মান্দা | চেয়ারম্যান, মান্দা ইউপি হতে ভালাইন ইউপির সংযোগ সড়কটি গাড়ি ও মানুষ যোগাযোগের অনুপযোগী পওয়ায় তা জরুরী ভিত্তিতে মেরামতের জন্য ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | বিষয়টি গুরুত্ব সহকারে মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উর্দ্ধতন কর্মকর্তা বরাবর যোগাযোগ করার জন্য বলা হলো। | উপজেলা প্রকৌশলী |
| ভালাইন ইউপি | চেয়ারম্যান ভালাইন ইপি বলেন , ভালাইন এলাকায় নদী শুকিয়ে যাওয়ার কারনে সেচ কার্যক্রম মারাত্মক ভাবে ব্যাহত হচ্ছে। নদীর পাশেই যদি সেচ স্কীম করা যায় তাহলে পানি পেতে খুব সমস্যা হবে না। যদি কোন কৃষক নদীর ধারে পানিসেচ স্কীম করার জন্য বিএমডিএ কর্তৃপক্ষের নিকট ছাড়পত্রের আবেদন করে তাহলে যেন জরুরী ভিত্তিতে তাদের ছাড়পত্র বিবেচনা করা হয়। তিনি আরও বলেন মাননীয় মন্ত্রী মহোদয় ও সম্প্রতি এজাতীয় স্কীম বাস্তবায়ন করার ব্যপারে একমত আছেন। | বিধিগত বিষয় বিবেচনায় নিয়ে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণে করতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ |
| চেয়ারম্যান মৈনম ইউপি | চেয়ারম্যান ইউপি মৈনম বলেন ভোলা বাজার হতে মৈনম ইউনিয়ন পরিষদ পর্যন্ত রাস্তা খুবই জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। বলিহার সংযোগ সড়ক নির্মাণের ব্যবস্থা গ্রহণে করাই তিনি উপজেলা চেয়ারম্যান কে ধন্যবাদ জানান। | বিধিগত বিষয় বিবেচনায় নিয়ে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণে করতে হবে। | উপজেলা প্রকৌশলী . |

বাংলা ১৪২২ সালের হাট বাজার ইজারা সংক্রান্তঃ

উপজেলা নির্বাহী সকলকে স্বাগত জানিয়ে বলেন মান্দা উপজেলাধীন সায়রাত ভুক্ত ২৭ (সাতাশ) টি হাটের মধ্যে প্রথম পর্যায়ে ২১টি হাটের ইজারা প্রদান ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ৭টি হাটের মধ্যে ২য় পর্যায়ে কালিগঞ্জ নামীয় হাটটিতে ১টি মাত্র দরপত্র পাওয়া যায়।

দরদাতা মোঃ আবুল কালাম আজাদ, পিতা মৃত সমসের আলী গ্রাম চকউদয় নারায়ন, ডাকঘর- রামনগর, মান্দা, নওগাঁর উদ্ধৃত মূল্য ৬০৫০/- (ছয় হাজার পঞ্চাশ ) টাকা হাটটির সরকারী ধার্য মূল ছিল ৬০৩৪/- (ছয় তহাজার চৌত্রিশ টাকা) দরপত্রের সাথে ৩০% অগ্রিম জামানত বাবদ ২০০[illegible]/- টাকার পে-অর্ডার পাওয়া গেছে। ইজারা দরপত্র মূল্যায়ণ কমিটি ১১/০৩/২০১৫ তারিখে অনুষ্ঠিত সভায় প্রাপ্ত দর সরকারী দরের চেয়ে বেশি হওয়াই তা গ্রহণের সুপারিশ করেছেন

সিদ্ধান্তঃ প্রাপ্ত ০১ টি হাটের তুলনা মূলক বিবরণী ও সুপারিশ বিষয়ে উপজেলা হাট বাজার ইজারা ধলফথ্য মুল্যায়ন কমিটির সিদ্ধান্ত অনুমোদনের জন্য সভায় পেশ করা হয়। বিবরণী পর্যালোচনা করে সর্বোচ্চ দরদাতাদের মূল্য সরকারি মূল্যের চাইতে বেশি হওয়ায় এবং ৩০% জামানতের টাকার অংক সঠিক থাকায় দরপত্র দাতার দর অনুমোদন করা হয়। অবশিষ্ট যে ৫ (পাঁচ) টি হাটের দরপত্র পাওয়া যায়নি সেগুলির বিধিগত কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ জানানো হয়।

বিবিধঃ

| | | | |
|---|---|---|---|
| জাতীয় দিবস উৎযাপন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, উপজেলায় সরকারী ভাবে বিভিন্ন জাতীয় দিবস উৎযাপন করা হয়। সরকারী ভাবে জাতীয় দিবস উৎযাপন করার জন্য যে পরিমান বরাদ্দ পাওয়া যায় তা দিয়ে পরিবেশ পরিস্থিতি কাটিয়ে খরচ মোকাবিলা করা সম্ভব হয় না। এজন্য নিম্নবর্ণিত খরচ অনুমোদন একান্ত প্রয়োজন।<br>ক্রমিক \| দিবসের নাম \| টাকার পরিমান<br>১ \| ভোক্তা অধিকার দিবস/১৫ \| ১০৫০০/-<br>২ \| জাতির জনক এর জন্ম দিন ও জাতীয় শিশু দিবস উৎযাপন \| ২২০০০/-<br>৩ \| জেলায় বিজ্ঞান মেলাতে অংশগ্রহণ \| ৫৩০০/- | প্রস্তাবিত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের রাজস্ব তহবিলের জাতীয় দিবস উৎযাপন ব্যয় হতে নির্বাহ করা সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ। |
| বিবিধ কেনা কাটা | উপজেলা প্রকল্প কর্মকর্তা জানান, উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন বাসা বাড়িতে অবস্থান করে অত্র উপজেলায় অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করে যাচ্ছেন। বাসাবাড়িটি একেবারে বসবাসের অনুপযোগী। বাসাটি মেরামত একান্ত প্রয়োজন।<br>একই ভাবে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা তার নামে বরাদ্দকৃত বাসা মেরামতের অনুরোধ জানান।<br>চেয়ারম্যান ভালাইন ইউপি বলেন যে, উপজেলা নির্বাহী অফিসে প্রবেশ দারে যে কলাবসিবল গেট আছে তা মেরামত করা প্রয়োজন তৎসঙ্গে পরিষদের রাস্তার বাতিগুলো ঠিকঠাকমত আলো দেয় কিনা তা তদারকি করে মেরামত করা প্রয়োজন। | ১) জরুরী ভিত্তিতে প্রস্তাবিত কাজ সমূহ বাস্তবায়ন করে ব্যয় নির্বাহের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো।<br>২) কার্যাদি সম্পাদন অন্তে বিল/ভাওচার দাখিল সাপেক্ষে বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ও উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ। |
| চৌবাড়িয়া হাটের মামলা পরিচালনা সংক্রান্ত ব্যয় | উপজেলা নির্বাহী অফিসার বলেন ১৪২২ বাংলা সালে হাট ইজারা প্রদান সংক্রান্ত বিষয়ে ১৪২১ সালের ইজারাদার কর্তৃক মহামান্য হাইকোর্টে মামলা দায়ের করেছেন। মামলাটি এখনও চলমান রয়েছে। মামলাটি মোকাবিলা যথাযথভাবে করা হচ্ছে। এসংক্রান্ত বিষয়ে বিবিধ খরচাদি হয়েছে। যা অনুমোদন নেয়া প্রয়োজন। | ১) চৌবাড়িয়া হাটের মামলা মোকাবিলা করতে যাবতীয় খরচাদি নির্বাহের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের মামলা পরিচালনা সংক্রান্ত খাত হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ। |
| রাত্রী কালীন পাহারাদারদের ভাতা সংক্রান্ত | চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, উপজেলা পরিষদের সার্বক্ষনিক নিরাপত্তার জন্য দুইজন আনসার ও ভিডিপি সদস্যকে অস্থায়ী নিরাপত্তা কর্মী হিসেবে উপজেলা পরিষদে নিয়োজিত রাখা হয়েছে। উপজেলা রাজস্ব তহবিল হতে তাদের দুইজনের পারিশ্রমিক বাবদ মাসে মাত্র ৫০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদান করা হয়। এই অল্প টাকায় তাদের সংসার পরিচালনায় তারা মারাত্মক কষ্টের মধ্যে রয়েছেন জানিয়ে পারিশ্রমিক বৃদ্ধির আবেদন জানিয়েছেন। তাদের আবেদনের বিষয়টি বিবেচনার জন্য তিনি সভাকে অনুরোধ জানান। | প্রতিজনকে তিন হাজার হিসেবে দুই জনের জন্য মোট ৬০০০/- (ছয়হাজার) টাকা মাসিক ব্যয় বরাদ্দের অনুমোদন সর্বসম্মত গৃহিত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ। |

মহিলা ভাইস চেয়ারম্যান ঃ মহিলা ভাইস চেয়ারম্যান জানান যে, উপজেলা পরিষদ কার্যালয়ে যে হলরুম হয়েছে সেখানে বসার জন্য যে সকল চেয়ার সংরক্ষিত আছে তা প্রায় ব্যবহারের অনুপযোগী । তিনি এগুলো জরুরী মেরামতের অনুরোধ জানান । তিনি আরও বলেন দুঃস্থ্য মহিলাদের জন্য সেলাই মেশিন সরবরাহ করা একান্ত প্রয়োজন ।

ভাইস চেয়ারম্যানঃ উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান বলেন, সম্প্রতি উপজেলা রিসোর্স সেন্টারে কিছু সংখ্যক শিক্ষকদের প্রশিক্ষনের ব্যবস্থা করা হয়েছে । কি পক্রিয়া অনুসরণ করে প্রশিক্ষনার্থীদের অন্তর্ভুক্ত করা হয় সেদিকে নজর দারি করা প্রয়োজন । তিনি আরও বলেন, তাড়ুনগ্রাম ও বিল বয়রা স্কুলে পদায়ন আছে মাত্র তিনজন শিক্ষক কিন্তু তাদের মধ্যে একজন করে শিক্ষক প্রশিক্ষণে থাকায় শিক্ষা দান ব্যহত হচ্ছে । এবিষয়ে নজরদারি কামনা করেন ।
তিনি আরও বলেন, বৈলশিং বিএমডিএ কর্তৃক একটি ক্রশড্যাম নির্মাণ করা হচ্ছে । সেখানে যদি আরও একটি ক্রশড্যাম নির্মাণ করা হয় তাহলে স্থানীয় জনগণ প্রকৃতপক্ষে এর সুবিধা পাবে ।

সভাপতির বক্তব্যঃ সভাপতি বলেন আজকের সভায় উপজেলা প্রকৌশলী উপস্থিত থাকা উচিৎ ছিল । তার অনুপস্থিতির কারনে প্রকল্প বিষয়ে কোন আলোচনা হলো না । তিনি বলেন যবনি বিলে পানি নিষ্কাষনের জন্য ড্রেন নির্মানের জন্য মাননীয় মন্ত্রীমহোদয় সুপারিশ প্রদান করেছেন । তৎসঙ্গে শ্রীরামপুরে একটি প্যালাসাইড নির্মাণ কাজ করতে হবে । উপজেলা পরিষদ চত্তরে বিভিন্ন অফিসে সেবা নিতে আশা মানুষের ব্যবহারের জন্য গণসৌচাগারের ব্যবস্থা না থাকায় বিশেষ করে নারীগণ বেশ সমস্যায় পড়েন । এসমস্যা সমাধানের জন্য উপযুক্ত একটি স্থানে যথাযথ পানি সরবরাহ সহ পরিচ্ছন্নতার ব্যবস্থা রেখে টয়লেট নির্মাণ করা প্রয়োজন ।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

19-3-15

আব্দুর রশিদ
উপজেলা পরিষদ চেয়ারম্যান
মান্দা, নওগাঁ ।
ফোন-০৭৪২৫-৬২০৮৯